

"উন্নয়নের গণতন্ত্র, শেখ  
হাসিনার মূলমন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
কক্সবাজার।  
শিক্ষা ও আইসিটি শাখা

জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী :

সভাপতি	মো: কামাল হোসেন
সভার তারিখ	২০.০৯.২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ৪.০০ টা
স্থান	জেলা প্রশাসকের কার্যালয়ের শহীদ এটিএম জাফর আলম সম্মেলন কক্ষ, কক্সবাজার।
উপস্থিতি	পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভাপতি বলেন যে, সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক অফিসকে নিজস্ব আইডিয়া প্রণয়ন করে তা বাস্তবায়ন করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। সরকারি সিদ্ধান্তের আলোকে সরকারি অফিসকে 'One Office One Idea' শীর্ষক প্রকল্পের আওতায় ডিজিটাল ইনোভেশন আইডিয়া প্রণয়ন করে সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ করতে হবে। এ লক্ষ্যে প্রণীত আইডিয়া বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণের মাধ্যমে জেলা ইনোভেশন টিমের কাছে প্রেরণ করতে হবে। জেলা ইনোভেশন টিম ইনোভেশন আইডিয়া প্রাপ্তি সাপেক্ষে তা যাচাই-বাছাই করে সরকারের উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে সুপারিশ আকারে প্রেরণ করবে। সরকারের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক অফিসকে Status অনুযায়ী ইনোভেশন আইডিয়া প্রণয়ন নিশ্চিত করতে হবে এবং তা বাস্তবায়নে সকলকে আন্তরিক হতে হবে। সভাপতি প্রত্যেক সরকারি কর্মকর্তাকে ডিজিটাল উদ্ভাবনী আইডিয়া প্রণয়ন ও বাস্তবায়নে বিভাগীয় প্রধানদের পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। তিনি সকল সরকারি দপ্তরের বিভাগীয় প্রধানদের উদ্যোগী হওয়ার জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ -

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	Status অনুযায়ী ইনোভেশন আইডিয়া প্রণয়ন করার ক্ষেত্রে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ আন্তরিকতার সাথে উদ্যোগ গ্রহণ করবে	১.সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার ২.উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২	জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সদস্যগণ এবং সহকারী প্রোগ্রামার নিয়মিতভাবে সরকারি দপ্তরসমূহের প্রধানদের সাথে যোগাযোগ করে ইনোভেশন আইডিয়া সংগ্রহ করবেন এবং অগ্রগতি জেলা কমিটিকে অবহিত করবেন।	১.সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার ২.সহকারী প্রোগ্রামার, কক্সবাজার
৩	জেলা/উপজেলা পর্যায়ে সরকারি কর্মকর্তাবৃন্দ নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া প্রণয়ন করে জেলা ইনোভেশন টিমের বরাবরে প্রেরণ নিশ্চিত করবেন।	১.সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার ২.উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৪	সরকারি দপ্তরে বাস্তবায়িত ইনোভেশন আইডিয়া সমূহ জেলা ইনোভেশন টিমের মাসিক সভায় উপস্থাপনের লক্ষ্যে সহকারী কমিশনার(আইসিটি) ও সহকারী প্রোগ্রামার সরকারি দপ্তর সমূহের প্রধানদের সাথে যোগাযোগ করবেন	১.সকল বিভাগীয় প্রধান,কক্সবাজার ২.সহকারী কমিশনার, আইসিটি শাখা ৩.সহকারী প্রোগ্রামার, কক্সবাজার
৫	প্রত্যেক সরকারি দপ্তর বাস্তব সম্মত আইডিয়া প্রণয়ন পূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন এবং সহকারী কমিশনার আইসিটি, সকল বিভাগীয় প্রধান বরাবর পত্র মারফর অবহিত করবেন যাতে ইনোভেশন আইডিয়া প্রণয়নে সকল কর্মকর্তা/কর্মচারীগণ উদ্যোগী হয়।	১.সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার ২.উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩. সহকারী কমিশনার, আইসিটি
৬	উপজেলা শিক্ষা অফিসার নিয়মিতভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিবেদন জেলা শিক্ষা অফিসার বরাবরে প্রেরণ করবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার প্রতিমাসে অন্তত একটি করে ইনোভেশন আইডিয়া সংগ্রহপূর্বক জেলা কমিটিতে প্রেরণ করবেন	১.জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার ২.জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার ৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার

৭	কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) উপস্থাপন করেন। অতঃপর উক্ত পরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করেন এবং তা বিভাগীয় কমিশনার কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার, আইসিটি এবং সকল দপ্তর/বিভাগ
---	---	--

সভায় সভাপতি ইনোভেশন টিমের সদস্যগণকে উদ্ভাবনী আইডিয়া সংগ্রহের তৎপর হওয়ার পরামর্শ প্রদান করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন



মো: কামাল হোসেন  
জেলা প্রশাসক

স্মারক নম্বর:

০৫.২০.২২০০.১১৫.০১.০০৫.১৭.৩৬৬

তারিখ: ৬ আশ্বিন ১৪২৬

২১ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৪) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৫) পরিচালক, স্থানীয় সরকার ও সদস্য সচিব, বিভাগীয় ইনোভেশন সার্কেল, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৬) জেলা শিক্ষা কর্মকর্তা, কক্সবাজার
- ৭) জেলা তথ্য অফিসার, কক্সবাজার
- ৮) সহকারী প্রোগ্রামার, সদর কক্সবাজার ও চকরিয়া, [তাঁকে কার্যবিবরণী জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য এবং গুপ মেইলের মাধ্যমে সকল সরকারি অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো]
- ৯) সহকারী বিভাগীয় প্রকৌশলী, টেলিকম, কক্সবাজার
- ১০) আবহাওয়াবিদ, কক্সবাজার
- ১১) গবেষণা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, কক্সবাজার
- ১২) কম্পিউটার ইন্সট্রাকটর, পিটিআই, কক্সবাজার
- ১৩) অফিস নথি।